



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

১৩-১৪ জয়নাগ রোড, বকশীবাজার, ঢাকা- ১২১১

স্মারক নং: ঢাবো/পনি/৩৩২

তারিখ: ১১/০৫/২০২৩খ্রি.

বিষয়: প্রাকৃতিক দুর্যোগ ঘূর্ণিঝড় “মোখা”-এর উদ্ভবের ফলে উদ্ভূত পরিস্থিতিতে জরুরি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের সকল শিক্ষা বোর্ডসমূহে এসএসসি/সমমান পরীক্ষা ২০২৩ চলমান রয়েছে। ইতোমধ্যে প্রাকৃতিক দুর্যোগ ঘূর্ণিঝড় “মোখা” আগামী ২/১ দিনের মধ্যে দেশের উপকূল অঞ্চলসহ সারাদেশে প্রবল বেগে অতিক্রম করতে পারে বলে আবহাওয়া অধিদপ্তরসহ বিভিন্ন সংবাদ মাধ্যমে সতর্কতামূলক সংবাদ পরিবেশন করা হচ্ছে। এসএসসি/সমমান পরীক্ষা চলমান থাকায় সংশ্লিষ্ট সকলের সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা আবশ্যিক। এ লক্ষ্যে ট্রেজারি, থানা ও পরীক্ষা কেন্দ্রে রক্ষিত পরীক্ষা সংক্রান্ত সকল গোপনীয় মালামাল নিরাপদ ও সতর্কতার সাথে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হলো।

প্রফেসর মোঃ আবুল বাশার

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-২২৩৩৬৯৮১৫

কেন্দ্র সচিব

ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন এসএসসি/সমমান পরীক্ষা ২০২৩-এর কেন্দ্রসমূহ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. জেলা প্রশাসক, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা
৩. উপজেলা নির্বাহী কর্মকর্তা, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা
৪. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৫. অফিস কপি